গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং ৪৬.০০.০০০০.০২০.১১.০০১.২১-৫৮৪

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮
২৮ মার্চ ২০২২

**বিষয়: ছয় জন বিজ্ঞ প্যানেল আইনজীবীর চুক্তির মেয়াদ পুনঃনবায়ন।**

সূত্র-১: আইন ও বিচার বিভাগের স্মারক নং ১৪/সলি:জিপি/পিপি-আইন উপদেষ্টা/২০১০-১৭; তাং ০৬/০২/২০২০ খ্রি।
সূত্র-২: অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখার স্মারক নং ০৭.০০.০০০০.১৭২.৩২.০১২.১৩-৪৭ তারিখ: ০১/০৩/২০২০ খ্রি.
সূত্র-৩: চুক্তির মেয়াদ নবায়নের জন্য সংশ্লিষ্ট ছয় জন বিজ্ঞ প্যানেল আইনজীবীর আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের মামলা ও মোকদ্দমাসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত বিজ্ঞ প্যানেল আইনজীবীগণের স্থানীয় সরকার বিভাগের সাথে চুক্তির মেয়াদ মার্চ ২০২২ অন্তে অতিক্রান্তের তারিখ হতে পরবর্তী ৩১ মার্চ, ২০২৩ পর্যন্ত যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি পুনরায় নবায়ন করা হলো এবং উক্ত নবায়নের পরিপ্রেক্ষিতে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নিম্নোক্ত শর্তানুযায়ী অঙ্গীকারনামাসহ চুক্তি/সম্মতিপত্র অনধিক ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। চুক্তির এ পুনঃনবায়ন আগামী ১ এপ্রিল, ২০২২ তারিখ থেকে কার্যকর হবে।

**শর্তাবলী:**

১. স্থানীয় সরকার বিভাগের প্যানেল আইনজীবী হিসেবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তির এ নবায়নপত্র মার্চ ২০২২ অন্তে মেয়াদ অতিক্রান্তের তারিখ হতে পরবর্তী ৩১ মার্চ, ২০২৩ পর্যন্ত কার্যকর থাকবে। উভয় পক্ষ হতে এক মাসের পূর্ব নোটিশ প্রদান সাপেক্ষে এ চুক্তি রহিত (Repeal) কিংবা বিলুপ্ত (Omit) করা যাবে।

২. প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন আপনাকে কোনো প্রকার বেতন-ভাতা বা সম্মানী প্রদান করা হবে না।

৩. স্থানীয় সরকার বিভাগের যে সকল মামলা-মোকদ্দমা পরিচালনা অথবা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আপনাকে দায়িত্ব প্রদান করা হবে, সে সকল মামলা-মোকদ্দমা পরিচালনা এবং আইন সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে আইনগত বা পেশাগত ফি প্রদান করা হবে।

৪. সরকারি স্বার্থে আপনার পরিচালনাধীন মামলা-মোকদ্দমা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে আপনি বাধ্য থাকবেন।

৫. কোনো মামলা-মোকদ্দমা বিচারাধীন থাকাকালে কিংবা যেকোন স্তরে/পর্যায়ে স্থানীয় সরকার বিভাগ আপনাকে প্রদত্ত যেকোন মামলা-মোকদ্দমা ফেরৎ নিয়ে অন্য কোনো আইনজীবীর নিকট হস্তান্তর করতে পারবে এবং আপনি উক্ত মামলা-মোকদ্দমার কাগজপত্র/দলিলাদি/অনাপত্তিপত্র বিনা কৈফিয়তে হস্তান্তর করতে বাধ্য থাকবেন।

৬. স্থানীয় সরকার বিভাগের আইনজীবী দ্বারা পরিচালিত যেকোন মামলা যেকোন পর্যায়ে থাকা অবস্থায় আপনার নিকট হস্তান্তর করলে আপনি তা গ্রহণ করতে বাধ্য থাকবেন।

২৮/৩/২২

৭. স্থানীয় সরকার বিভাগের প্যানেলভুক্ত থাকাকালীন আপনি এ বিভাগের মামলা সংক্রান্ত কোনো বিষয়ে স্থানীয় সরকার বিভাগের প্রতিপক্ষকে কোনরূপ মতামত প্রদান, কিংবা এ বিভাগের বিরুদ্ধে কোনো আদালতে মামলা পরিচালনা কিংবা স্থানীয় সরকার বিভাগের বিপক্ষে সমর্থন করতে পারবেন না।

৮. স্থানীয় সরকার বিভাগের সার্বিক তত্ত্বাবধানে থেকে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট কার্যালয়ের মামলা ও আইন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী স্থানীয় সরকার বিভাগের চাহিদা মোতাবেক সম্পাদন করতে হবে। আইনগত দায়িত্ব পালনের ক্ষেত্রে আপনার আন্তরিকতার অভাবে/ ভুল-ত্রুটির কারণে সরকার কোনরূপ ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট আপনাকে জবাবদিহি করতে হবে এবং উদ্ভূত যাবতীয় ক্ষয়-ক্ষতির জন্য দায়ী থাকবেন।

৯. আপনাকে প্রদত্ত সকল মামলার তারিখ ও অবস্থা স্থানীয় সরকার বিভাগের আইন অধিশাখাকে যথাসময়ে অবহিত করতে হবে। তাছাড়া আপনার চেম্বার/বাসার ডাক যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর পরিবর্তন হলে অবিলম্বে তা স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।

১০. আপনার কোনো ভুল-ভ্রান্তি/অসদাচরণের কারণে সরকারের স্বার্থ ক্ষুণ্ন হলে তার দায়-দায়িত্ব আপনার ওপর বর্তাবে।

১১. আপনার পরিচালনাধীন সকল মামলার আদালতের ধার্য তারিখের কার্যক্রম একটি রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে।

১২. আপনার নিকট প্রদত্ত সকল মামলার সর্বশেষ অবস্থাসহ হালনাগাদ বিবরণী সচিব/সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগের নিকট প্রতি ৩(তিন) মাস অন্তর দাখিল করতে হবে। অন্যথায় কর্তৃপক্ষ চাইলে আপনার চুক্তি বাতিল করতে পারবেন। এ ছাড়া কর্তৃপক্ষের প্রয়োজনে যেকোন সময় উক্তরূপ মামলার অবস্থা/বিবরণী প্রদান করতে হবে।

১৩. উপর্যুক্ত শর্তাধীনে সম্মত থাকলে আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে উল্লিখিত ১৩(তের)টি শর্ত (প্রযোজ্য প্রয়োজনীয় পরিবর্তনসহ) লিপিবদ্ধ করতে হবে এবং সংযুক্ত যোগদানপত্র /সম্মতিপত্র পূরণপূর্বক সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর দাখিল করতে হবে।

**সংযুক্তি:** বর্ণনামতে............পাতা।

২৮/৩/২২

মো: মহিউদ্দীন শামীম
সহকারী সচিব
ফোন: 9540995
ই-মেইল: lglaw1@lgd.gov.bd

**<u>বিজ্ঞ প্যানেল আইনজীবী, স্থানীয় সরকার বিভাগ:</u>**

**১. জনাব মো: বদরুল ইসলাম**
**২. জনাব শেখ শফিক মাহমুদ**
**৩. জনাব সুজিত কুমার ভৌমিক**
**৪. জনাব মো: আশরাফুল আলম**
**৫. জনাব এম.এ. সালাউদ্দিন ইস্কান্দার কিং, এবং**
**৬. জনাব শেখ মোসফেক কবির।**

**<u>সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি:</u>**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/নগর উন্নয়ন/পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সি.জি. এ ভবন সেগুন বাগিচা, ঢাকা।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
১৩. একান্ত সচিব, অ্যাটর্নি জেনারেল অফিস (অ্যাটর্নি জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. অফিস কপি/মাস্টার কপি।

মো: মহিউদ্দীন শামীম
সহকারী সচিব